৪৮তম বিশেষ বিসিএস (স্বাস্থ্য)

# General Part

প্রশ্ন, উত্তর ও সংক্ষিপ্ত ব্যাখ্যা

পরীক্ষার তারিখ: ১৮ জুলাই ২০২৫

| | |
|---|---|
| মোট প্রশ্ন | ১০০টি |
| অংশ | সাধারণ অংশ |
| প্রশ্ন | ১-১০০ |

SYNAPSE
MEDICAL ACADEMY

সিন্যাপ্স বিসিএস একাডেমি

## বাংলা ভাষা ও সাহিত্য

**প্রশ্ন 1. 'ইউসুফ-জোলেখা'র কবি শাহ মুহম্মদ সগীরের জন্ম কোথায়?**

ক) বগুড়া

খ) সিলেট

গ) নদীয়া

ঘ) চট্টগ্রাম

সঠিক উত্তর: ঘ) চট্টগ্রাম

সংক্ষিপ্ত ব্যাখ্যা: শাহ মুহম্মদ সগীর বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রথম মুসলিম কবি এবং ইউসুফ-জোলেখা কাব্যের রচয়িতা। তিনি গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের (১৩৮৯-১৪১০ খ্রিস্টাব্দ) রাজত্বকালে এই কাব্য রচনা করেন।

**প্রশ্ন 2. 'তিনি কথা বললেন না।'- বাক্যটির অস্তিবাচক রূপ কী হবে?**

ক) তিনি কথা বলতে চাইলেন না।

খ) তিনি কথা না বলে থাকতে পারলেন না।

গ) তিনি নীরব থাকতে চেষ্টা করলেন।

ঘ) তিনি চুপ করে থাকলেন।

সঠিক উত্তর: ঘ) তিনি চুপ করে থাকলেন।

সংক্ষিপ্ত ব্যাখ্যা: "তিনি কথা বললেন না।" -এর **অস্তিবাচক** রূপ হবে: ঘ) তিনি চুপ করে থাকলেন। মূল বাক্য: তিনি কথা বললেন না।

**প্রশ্ন 3. ফররুখ আহমদের 'সাত সাগরের মাঝি' কত সালে প্রকাশিত হয়?**

ক) ১৯০৫

খ) ১৯৪০

গ) ১৯৪৪

ঘ) ১৯৫৫

সঠিক উত্তর: গ) ১৯৪৪

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ফররুখ আহমদ রচিত 'পাঞ্জেরি' কবিতাটি 'সাত সাগরের মাঝি' কাব্যগ্রন্থের অন্তর। মুসলিম জাগরণের কবি ফররুখ আহমদ রচিত প্রথম ও শ্রেষ্ঠ।

- এ কাব্যগ্রন্থে মোট **১৯টি কবিতা** আছে।
- গ্রন্থের সর্বশেষ কবিতার নাম **'সাত সাগরের মাঝি'**।
- অন্যান্য উল্লেখযোগ্য কবিতা: **সিন্দাবাদ, পাঞ্জেরী, লাশ, আউলাদ, দরিয়ার শেষরাত্রি** ইত্যাদি।

**প্রশ্ন 4. 'যে আলোতে কুমুদ ফোটে'- এককথায় কী হবে?**

ক) কুমুদিন

খ) কৌমুদী

গ) প্রভাবতী

ঘ) বিভা

সঠিক উত্তর: খ) কৌমুদী

সংক্ষিপ্ত ব্যাখ্যা: 'যে আলোতে কুমুদ ফোটে' এর এককথায় প্রকাশ হলো কৌমুদি।

- **প্রভাবান** = দীপ্তিমান, উজ্জ্বল।এর স্ত্রীবাচক শব্দ: **প্রভাবতী**।
- **বিভা** = আলো, কিরণ, প্রভা, দীপ্তি, সৌন্দর্য।

**প্রশ্ন 5. বাক্যের অন্তর্গত শব্দের পারস্পরিক সম্পর্ক ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**

ক) সন্ধি

খ) পদ

গ) কাল

ঘ) কারক

সঠিক উত্তর: ঘ) কারক

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বাংলা ব্যাকরণে **বাক্যের অন্তর্গত** শব্দের পারস্পরিক সম্পর্ক বলতে শব্দগুলোর মধ্যে যে ক্রিয়াগত বা অর্থগত সম্পর্ক থাকে, তা বোঝায়। এই সম্পর্ক প্রধানত কারক অধ্যায়ে আলোচিত হয়।

প্রশ্ন 6. ক্রিয়াপদের মূল অংশকে কী বলে?

ক) কর্ম

খ) ধাতু

গ) প্রত্যয়

ঘ) বিভক্তি

সঠিক উত্তর: খ) ধাতু

সংক্ষিপ্ত ব্যাখ্যা: যে পদ দ্বারা কোনো কার্য সম্পাদন করা বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু বা ক্রিয়ামূল।

প্রশ্ন 7. শুদ্ধ বাক্য কোনটি?

ক) সারা দেশব্যাপী দিবসটি উদ্ যাপন করা হবে।

খ) সারা দেশে দিবসটি উদ্যাপন করা হবে।

গ) দেশব্যাপী দিবসটি উদ্যাপন করা হবে।

ঘ) সারা দেশে দিবসটি উদ্ যাপন করা হবে।

সঠিক উত্তর: ঘ) সারা দেশে দিবসটি উদ্ যাপন করা হবে।

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বাংলা ভাষায় শুদ্ধ বাক্য নির্ধারণের জন্য বানান, শব্দচয়ন, এবং ব্যাকরণগত নিয়ম বিবেচনা করতে হয়। 'উদ্ যাপন' বানান শুদ্ধ। **উপসর্গ** একপ্রকার **অব্যয়**।তাই উপসর্গযোগে গঠিত সব শব্দই **অব্যয়ীভাব সমাস**।

প্রশ্ন 8. 'শ্রীকৃষ্ণকীতর্ন' কাব্যের প্রথম খণ্ডের নাম কী?

ক) জন্মখন্ড

খ) তাম্বুলখণ্ড

গ) দানখণ্ড

ঘ) রাধাবিরহ

সঠিক উত্তর: ক) জন্মখন্ড

সংক্ষিপ্ত ব্যাখ্যা: মধ্যযুগে রচিত বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ **'শ্রীকৃষ্ণকীতর্ন'** । **'শ্রীকৃষ্ণকীতর্ন'** গীতি-আলেখ্য। রাধাকৃষ্ণের প্রণয়লীলা এর বিষয়বস্তু। মোট ১৩ খন্ডে ৪১৮টি পদে এটি বিন্যস্ত।

প্রশ্ন 9. অনুভূতিজাত দ্বিরুক্তি শব্দ কোনটি?

ক) ছমছম

খ) ঝমঝম

গ) টিকটিক

ঘ) ঠিক ঠিক

সঠিক উত্তর: ক) ছমছম

সংক্ষিপ্ত ব্যাখ্যা: অনুভূতিজাত দ্বিরুক্তি শব্দ হলো - ছমছম। এটি ভয়ের অনুভূতি প্রকাশ করতে ব্যবহৃত হয়। যেমন: ভয়ে গা ছমছম করছে।

**প্রশ্ন 10.** ছড়ার ছন্দকে কী বলে?

ক) স্বরবৃত্ত

খ) মাত্রাবৃত্ত

গ) অক্ষরবৃত্ত

ঘ) গদ্যছন্দ

সঠিক উত্তর: ক) স্বরবৃত্ত

সংক্ষিপ্ত ব্যাখ্যা: স্বরবৃত্ত ছন্দের বহুল প্রচলিত নাম ছড়ার ছন্দ, লৌকিক ছন্দ, লোকছন্দ, মেয়েলি ছন্দ। এটাকে প্রাকৃত বাংলা ছন্দও বলা হয়।

**প্রশ্ন 11.** 'আজ চারদিক হতে ধনিক বণিক শোষণকারীর জাত, ও ভাই জোঁকের মতন শুষছে রক্ত, কাড়ছে থালার ভাত।' - কার লেখা?

ক) রবীন্দ্রনাথ ঠাকুর

খ) কাজী নজরুল ইসলাম

গ) গোলাম মোস্তফা

ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত

সঠিক উত্তর: খ) কাজী নজরুল ইসলাম

সংক্ষিপ্ত ব্যাখ্যা: "আজ চারদিক হতে ধনিক বণিক শোষণকারীর জাত, ও ভাই জোঁকের মতন শুষছে রক্ত, কাড়ছে থালার ভাত।" "কৃষাণের গান" কবিতার অংশ, যার রচয়িতা হলেন: কাজী

**প্রশ্ন 12.** বাংলা অব্যয়ীভাব সমাসের উদাহরণ ব্যাকরণের কোন অংশের অন্তর্ভুক্ত করা যায়?

ক) সন্ধি

খ) উপসর্গ

গ) কারক

ঘ) প্রত্যয়

সঠিক উত্তর: খ) উপসর্গ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: অব্যয় পদ পূর্বে বসে যে-সমাস হয় এবং যেখানে পূর্বপদের অর্থ প্রাধান্য পায় তাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্য গঠিত হয়

**প্রশ্ন 13. Transparency** শব্দের বাংলা পরিভাষা কী?

ক) যথার্থতা

খ) নিভর্রযোগ্যতা

গ) সচ্ছ্বতা

ঘ) দুর্নীতিদমন

সঠিক উত্তর: গ) সচ্ছ্বতা

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Transparency এর বাংলা পরিভাষা - সচ্ছ্বতা। Accuracy: নিভুর্লতা। Precision: যথাযথতা, স্পষ্টতা।

**প্রশ্ন 14.** প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?

ক) ডাক্তারখানা

খ) অনুগমন

গ) দিলখোলা

ঘ) সম্রাট

সঠিক উত্তর: ক) ডাক্তারখানা

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ - ডাক্তার + খানা = ডাক্তারখানা।

**প্রশ্ন 15. 'আফতাব' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

ক) অণর্ব

খ) রাতুল

গ) অর্ক

ঘ) জলধি

সঠিক উত্তর: গ) অর্ক

সংক্ষিপ্ত ব্যাখ্যা

- **'সূর্য'** এর সমার্থক শব্দ:
  **অর্ক**, **আফতাব**, **আদিত্য**, **মিহির**, **অরুণ**, **রবি**, **তপন**, **মার্তণ্ড**, **সবিতা** ইত্যাদি।
- অন্যদিকে,
  '**অর্ণব**' ও '**জলধি**' হলো **সমুদ্র** শব্দের সমার্থক শব্দ।
- '**রাতুল**' শব্দের অর্থ:
  **রক্তবর্ণ**, **লাল**।

**প্রশ্ন 16. কোনটি বিশেষণ?**

ক) সৎ

খ) একতা

গ) দর্শন

ঘ) জনতা

সঠিক উত্তর: ক) সৎ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বাংলা ব্যাকরণে বিশেষণ হলো এমন শব্দ যা বিশেষ্য বা স্বরনামের গুণ, পরিমাণ, পরিমাপ, অবস্থা, বা পরিচয় বোঝায় এবং তাকে বিশেষিত করে। বিশেষণ সাধারণত বিশেষ্যের পূর্বে বা পরে ব্যবহৃত হয়।

**প্রশ্ন 17. ইসমাইল হোসেন সিরাজীর কোন কাব্যটি বাজেয়াপ্ত হয়?**

ক) 'অনল প্রবাহ'

খ) 'আকাঙ্ক্ষা'

গ) 'উদ্বোধন'

ঘ) 'নব উদ্দীপনা'

সঠিক উত্তর: ক) 'অনল প্রবাহ'

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ইসমাইল হোসেন সিরাজীর 'অনল প্রবাহ' গ্রন্থটি ব্রিটিশ সরকার কতৃর্ক বাজেয়াপ্ত হয়েছিল। সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী রচিত মুসলিম জাগরণমূলক কাব্য।

**প্রশ্ন 18. কোন বানানটি প্রমিত?**

ক) পশ্চাদপদ

খ) পশ্চাৎগামী

গ) পশ্চাদ্ ভূমি

ঘ) পশ্চাৎবর্তী

সঠিক উত্তর: গ) পশ্চাদ্ ভূমি

সংক্ষিপ্ত ব্যাখ্যা: প্রমিত বানান - পশ্চাদ্ ভূমি। এটি একটি বিশেষ্য পদ। শব্দটি সংস্কৃত ভাষা হতে আগত।

**প্রশ্ন 19. 'অন্তর্ভুক্তিমুলক' শব্দ উচ্চারণে কয়টি অক্ষর পাওয়া যায়?**

ক) ৫

খ) ৬

গ) ৭

ঘ) ৮

সঠিক উত্তর: খ) ৬

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ' **অন্তর্ভুক্তিমুলক** ' উচ্চারণে ৬টি পৃথক অক্ষর পাওয়া যায়। উচ্চারণ: অন্-তো$^{3}$-ভুক্-তি-মু-লক। মোট অক্ষর = ৬টি।

**প্রশ্ন 20. কোন শব্দে দ্বিস্বরধ্বনি রয়েছে?**

ক) তিসি

খ) মালি

গ) লাউ

ঘ) মেয়ে

সঠিক উত্তর: গ) লাউ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দিবস্বরধ্বনি যুক্ত শব্দ - লাউ। পূর্ণ স্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে উচ্চারিত হলে **দ্বিস্বরধ্বনি** হয়। 'লাউ' শব্দের [আ] পূর্ণ স্বরধ্বনি এবং [উ] অর্ধস্বরধ্বনি মিলে **দ্বিস্বরধ্বনি।**

SYNAPSE MEDICAL ACADEMY

## English Language and Literature

**প্রশ্ন 21. Lord of the Flies was written by _______**

ক) William Shakespeare

খ) William Wordsworth

গ) William Golding

ঘ) T.S. Eliot

সঠিক উত্তর: গ) **William Golding**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: William Gerald Golding রচিত একটি novel. এটি লেখকের প্রকাশিত প্রথম উপন্যাস। ১৯৫৪ সালে প্রকাশিত হয়।

**প্রশ্ন 22. What does the idiom "take someone to task" mean?**

ক) To give someone a task to do

খ) To praise someone for his task

গ) To rebuke someone

ঘ) To appoint someone

সঠিক উত্তর: গ) **To rebuke someone**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: The correct answer is: গ) To rebuke someone.

**ক) To give someone a task to do**
→ কাউকে কোনো কাজ দেওয়া।

**খ) To praise someone for his task**
→ কাউকে তার কাজের জন্য প্রশংসা করা।

গ) **To rebuke someone**

→ কাউকে তিরস্কার করা।

ঘ) **To appoint someone**

→ কাউকে নিয়োগ দেওয়া।

প্রশ্ন 23. **What is the meaning of 'French leave'?**

ক) Leave on holidays

খ) Spending time in France

গ) Leave without permission

ঘ) Emergency leave

সঠিক উত্তর: গ) **Leave without permission**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: The correct answer is: গ) Leave without permission. English meaning: to leave work without asking

প্রশ্ন 24. **The passive form of the sentence, "Who did the work?" is -**

ক) By whom the work was done?

খ) Whom had the work done by?

গ) By whom was the work done?

ঘ) Who was the work done?

সঠিক উত্তর: গ) **By whom was the work done?**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: The correct answer is: গ) By whom was the work done? Who - এর পরিবর্তে প্রথমেই By whom বসবে।

প্রশ্ন 25. **Choose the correct sentence.**

ক) Where have you born?

খ) Where are you born?

গ) Where were you born?

ঘ) Where did you born?

সঠিক উত্তর: গ) **Where were you born?**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Correct sentence: গ) Where were you born? Bangla: আপনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন এটি একটি past simple tense (অতীত কাল) এর প্রশ্ন।

প্রশ্ন 26. **Doctor Faustus is _______**

ক) a comedy

খ) a tragedy

গ) a historical novel

ঘ) an absurd play

সঠিক উত্তর: খ) **a tragedy**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: "Doctor Faustus" হলো Christopher Marlowe-এর লেখা একটি বিখ্যাত নাটক। এটি একটি ট্র্যাজেডি (tragedy). নাটকটি রচনা করেন Christopher Marlowe. His Works: [plays] - Doctor Faustus, The Jew of Malta, Tamburlaine the Great, Dido, Queen of Carthage.

প্রশ্ন 27. **She works hard. What part of speech is the underlined word?**



SYNAPSE MEDICAL ACADEMY

ক) Adjective

খ) Adverb

গ) Verb

ঘ) Noun

সঠিক উত্তর: **খ) Adverb**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: সঠিক উত্তর খ) Adverb. She works hard. Here, the underlined part is - Adverb. "Hard" এখানে "works" verb-কে modify করছে।

প্রশ্ন 28. **John Keats wrote _____**

ক) Ode to the West Wind

খ) Ode on a Grecian Urn

গ) Tintern Abbey

ঘ) The Ancient Mariner

সঠিক উত্তর: **খ) Ode on a Grecian Urn**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: The correct answer is: খ) Ode on a Grecian Urn. Romantic period এর বিখ্যাত লেখক John Keats রচিত। ) ক **)Ode to the West Wind**

→ **Percy Bysshe Shelley** রচিত কবিতা।

গ) **Tintern Abbey**

→ পূর্ণ নাম: **Lines Written a Few Miles above Tintern Abbey**

→ **William Wordsworth** রচিত কবিতা।

ঘ) **The Ancient Mariner**

→ পূর্ণ নাম: **The Rime of the Ancient Mariner**

→ **Samuel Taylor Coleridge** রচিত কবিতা।

SYNAPSE MEDICAL ACADEMY

প্রশ্ন 29. **_________ others is a great deed.**

ক) To help

খ) Help

গ) To helping

ঘ) To have helped

সঠিক উত্তর: **ক) To help**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: সঠিক উত্তর ক) To help.

**"To help others is a great deed."** এখানে **infinitive** subject হিসেবে ব্যবহৃত হয়েছে।

বাক্যের শুরুতে subject হিসেবে infinitive ব্যবহার করলে

**To** + **verb** form ব্যবহার করতে হয়।

প্রশ্ন 30. **She succeeded __________ her good work**

ক) because

খ) since

গ) because of

ঘ) as

সঠিক উত্তর: **গ) because of**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: The correct answer is: গ) because of. Complete sentence: She succeeded because of her good work.

**প্রশ্ন 31. Choose the correct sentence.**

ক) He resembles like his father.

খ) He resembles with his father.

গ) He resembles his father.

ঘ) He resembles similar to his father.

সঠিক উত্তর: গ) **He resembles his father.**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Correct sentence: He resembles his father. "Resemble" অর্থ সাদৃশ্যপূর্ণ হওয়া বা মিল থাকা। এটি একটি transitive verb, এরপর কোন Preposition বসে না।

**প্রশ্ন 32. Do you know the solution _______ the problem?**

ক) of

খ) for

গ) about

ঘ) to

সঠিক উত্তর: ঘ) **to**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Complete sentence: Do you know the solution to the problem? Bangla: তুমি কি সমস্যার সমাধান জানো?

**প্রশ্ন 33. He as well as his parents ____________ spending vacation abroad.**

ক) are

খ) is

গ) will

ঘ) can

সঠিক উত্তর: খ) **is**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: শূন্যস্থানে সঠিক উত্তর হবে - is. Complete sentence: He as well as his parents is spending vacation abroad.

**প্রশ্ন 34. I love reading books and ________ football.**

ক) to play

খ) play

গ) playing

ঘ) to have played

সঠিক উত্তর: গ) **playing**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: সঠিক উত্তর গ) playing. Complete sentence: I love reading books and playing football.

**প্রশ্ন 35. Who composed 'Paradise Lost'?**

ক) John Donne

খ) John Keats

গ) John Dryden

ঘ) John Milton

সঠিক উত্তর: ঘ) **John Milton**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Neo-classical period এর অন্যতম সাহিত্যিক John Milton রচিত একটি epic. তার লেখা Paradise lost কে the great Epic in English বলা হয়।

প্রশ্ন **36. Charles Dickens was an English ________**

ক) poet

খ) playwright

গ) politician

ঘ) novelist

সঠিক উত্তর: ঘ) **novelist**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Charles Dickens was an English - novelist. Charles Dickens (1812-1870) a British novelist, journalist, editor, illustrator and social commentator.

তার রচিত বিখ্যাত কিছু উপন্যাস হলো—

- **A Christmas Carol**
- **David Copperfield**
- **Bleak House**
- **A Tale of Two Cities**
- **Great Expectations**

প্রশ্ন **37. Choose the correct spelling.**

ক) Repeatition

খ) Repeatation

গ) Repetition

ঘ) Ripitetion

সঠিক উত্তর: গ) **Repetition**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: Answer: গ) Repetition. English meaning: the act of doing or saying something Bangla meaning: পুনরাবৃত্তি।

প্রশ্ন **38. The synonym of the word 'spectacular' is -**

ক) ugly

খ) spacious

গ) spatial

ঘ) breathtaking

সঠিক উত্তর: ঘ) **breathtaking**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: The synonym of the word 'spectacular' is Breathtaking. English meaning: very exciting to look at.

প্রশ্ন **39. What type of sentence is 'Do or die'?**

ক) Complex

খ) Simple

গ) Compound

ঘ) Exclamatory

সঠিক উত্তর: গ) **Compound**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: "Do or die." is a - Compound sentence. Do or die. - এই sentence টিতে 'or' দ্বারা দুটি clause যুক্ত আছে, তাই এটি Compound Sentence.

**প্রশ্ন 40. These books ______ me.**

ক) belongs to

খ) belong to

গ) are belonged by

ঘ) belongs by

সঠিক উত্তর: খ) **belong to**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: সঠিক উত্তর খ) belong to. Complete sentence: These books belong to me.

বাংলাদেশ বিষয়াবলি

**প্রশ্ন 41. বাংলাদেশ ১৯৭৪ সালে জাতিসংঘের কততম সদস্য রাষ্ট্র হিসেবে অন্তর্ভুক্ত হয়?**

ক) ১২৬তম

খ) ১৩০তম

গ) ১৩৬তম

ঘ) ১৩৯তম

সঠিক উত্তর: গ) ১৩৬তম

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ১৩৬তম সদস্য হিসেবে জাতিসংঘে যোগদান করে।

**প্রশ্ন 42. বাংলাদেশে কখন প্রথম প্রেসিডেন্ট পদ্ধতির সরকার গঠিত হয়?**

ক) ১৯৭১

খ) ১৯৭২

গ) ১৯৭৫

ঘ) ১৯৮০

সঠিক উত্তর: ক) ১৯৭১

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বাংলাদেশে ১৯৭১ সালে প্রথম **প্রেসিডেন্ট** পদ্ধতির সরকার গঠিত হয়।

**প্রশ্ন 43. বাংলাদেশের সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষা সবর্প্রথম কত সালে শুরু হয়েছিল?**

ক) ১৯৭৩

খ) ১৯৭৪

গ) ১৯৭৫

ঘ) ১৯৭৬

সঠিক উত্তর: ক) ১৯৭৩

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ স্বাধীন বাংলাদেশের প্রথমবারের মতো সিভিল **সার্ভিস** (বিসিএস) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল ১৯৭৩ সালে। BCS-এর পূর্ণরূপ: বাংলাদেশ সিভিল **সার্ভিস** (Bangladesh Civil Service)

**প্রশ্ন 44. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে প্রবাসী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্থায়ী সচিবালয় (সদর দপ্তর) কোথায় ছিল?**

ক) মুজিবনগর

খ) থিয়েটার রোড, কলকাতা

গ) কমিরগঞ্জ

ঘ) বেনাপোল

সঠিক উত্তর: খ) থিয়েটার রোড, কলকাতা

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❒ **মুক্তিযুদ্ধ** চলাকালীন সময়ে প্রবাসী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্থায়ী সচিবালয় (সদর দপ্তর) ছিল থিয়েটার রোড, কলকাতায়।

প্রশ্ন 45. বাংলামতি কি?

ক) এক প্রকার ধান

খ) এক প্রকার গম

গ) এক প্রকার আম

ঘ) একটি নদীর নাম

সঠিক উত্তর: ক) এক প্রকার ধান

সংক্ষিপ্ত ব্যাখ্যা: 'বাংলামতি' কৃষিতে এক প্রকার ধান। এটি ধানের উন্নত জাত।

প্রশ্ন 46. ১৯৭১ সালে সবপ্রথম কোন পত্রিকা পাকিস্তানী বাহিনীর গণহত্যার উপর ব্রিটিশ সাংবাদিক সাইমন ড্রিং এর প্রতিবেদন প্রকাশ করে?

ক) নিউইয়কর্ টাইমস

খ) ডেইলি মেইল

গ) ডেইলি টেলিগ্রাফ

ঘ) দ্য ইনডিপেনডেন্ট

সঠিক উত্তর: গ) ডেইলি টেলিগ্রাফ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❒ ১৯৭১ সালে স্বরপ্রথম ডেইলি টেলিগ্রাফ পত্্রিকা পাকিস্তানী বাহিনীর গণহত্যার উপর ব্রিটিশ সাংবাদিক সাইমন **ড্রিং** এর প্রতিবেদন প্রকাশ করে।

প্রশ্ন 47. বতর্মান অন্তর্বর্তীকালীন সরকার কখন গঠিত হয়?

ক) ০৮ আগস্ট ২০২৪

খ) ১০ আগস্ট ২০২৪

গ) ১২ আগস্ট ২০২৪

ঘ) ০৫ আগস্ট ২০২৪

সঠিক উত্তর: ক) ০৮ আগস্ট ২০২৪

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❒ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাধ্যমে শেখ হাসিনা সরকার পদত্যাগের পরে ৮ আগস্ট, ২০২৪ তারিখে ড. মোহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে **বতর্মান অন্তর্বর্তীকালীন** সরকার **গঠিত হয়।**

প্রশ্ন 48. বাংলাদেশের সংসদীয় সরকার ব্যবস্থায় নিয়মতান্ত্রিক প্রধান কে?

ক) প্রধানমন্ত্রী

খ) রাষ্ট্রপতি

গ) স্পিকার

ঘ) সংসদ সচিব

সঠিক উত্তর: খ) রাষ্ট্রপতি

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❒ বাংলাদেশের সংসদীয় সরকার ব্যবস্থায় **নিয়মতান্ত্রিক** প্রধান হলেন রাষ্ট্রপতি। উল্লেখ্য, বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন।

SYNAPSE MEDICAL ACADEMY

প্রশ্ন 49. বাংলাদেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি)-এর জন্য অর্থনীতিকে মোট কতটি প্রধান খাতে বিভক্ত করা হয়?

ক) ০৫টি

খ) ১০টি

গ) ১৫টি

ঘ) ২০টি

সঠিক উত্তর: গ) ১৫টি

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান বুযরো (বিবিএস)-এর তথ্য অনুসারে অর্থনীতির মোট খাত ১৯টি।

প্রশ্ন 50. বাংলাদেশের কর্ণফুলি নদীর উৎপত্তিস্থল কোথায়?

ক) লুসাই পাহাড়

খ) সিকিমের পাবর্ত্য অঞ্চল

গ) তিবব্বেতর মানোস সরোবর

ঘ) নাগা-মনিপুর অঞ্চলের বোরাক নদী

সঠিক উত্তর: ক) লুসাই পাহাড়

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বাংলাদেশের কর্ণফুলী নদীর **উৎপত্তিস্থল** ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়ে। বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের একটি নদী।

প্রশ্ন 51. 'টঙ্ক (Tonk) আন্দোলন' কি?

ক) সাঁওতাল বিদ্রোহ

খ) কৃষক আন্দোলন

গ) প্রাকৃতিক সম্পদ রক্ষার আন্দোলন

ঘ) কোনটিই নয়

সঠিক উত্তর: খ) কৃষক আন্দোলন

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ 'টঙ্ক (Tonk) **আন্দোলন**' হলো কৃষক **আন্দোলন** সালে উত্তর ময়মনসিংহে কৃষকদের দ্বারা পরিচালিত **আন্দোলন** 'টঙ্ক **আন্দোলন**' নামে পরিচিত।

প্রশ্ন 52. বাংলাদেশের প্রাচীনতম জনপদ কোনটি?

ক) মহাস্থানগড়

খ) পাহাড়পুর

গ) ময়নামতি

ঘ) উয়ারীবটেশ্বর

সঠিক উত্তর: ক) মহাস্থানগড়

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বাংলাদেশের প্রাচীনতম জনপদ হলো পুণ্ড্র এবং এর রাজধানী ছিল মহাস্থানগড়। পুণ্ড্র ছিল পূর্বাঞ্চলের জনপদসমূহের মধ্যে খুব সম্ভবত প্রাচীনতম।

প্রশ্ন 53. একটি দেশের মোট আয়তনের কত শতাংশ বনভূমি থাকা প্রয়োজন?

ক) ১৫-২০%

খ) ২০-২৫%

গ) ৩০-৩৫%

ঘ) ৩৫-৪০%

সঠিক উত্তর: খ) ২০-২৫%

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ একটি দেশের মোট আয়তনের ২০-২৫% বনভূমি থাকা প্রয়োজন। বন একটি গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ।

SYNAPSE MEDICAL ACADEMY

প্রশ্ন 54. বাংলাদেশ সরকারের আয়ের উৎস কোনটি?

ক) আবগারি শুল্ক

খ) মূল্য সংযোজন কর

গ) জরিমানা ও শাস্তিমূলক ফি

ঘ) উপরের সবগুলো

সঠিক উত্তর: ঘ) উপরের সবগুলো

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বাংলাদেশ সরকারের আয়ের উৎস- আবগারি শুল্ক, মূল্য সংযোজন কর, জরিমানা ও শাস্তিমূলক ফি অর্থাৎ উপরের সবগুলো। কেন্দ্রীয় সরকারকে দেশের অভ্যন্তরে প্রশাসন পরিচালনা, জনগণের

প্রশ্ন 55. বাংলাদেশের সংবিধানের কত নং অনুচ্ছেদে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতা নাগরিকের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত?

ক) ১৫

খ) ২৭

গ) ৩৭

ঘ) ৩৯

সঠিক উত্তর: ঘ) ৩৯

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধানের ৩৯ নং অনুচ্ছেদে চিন্তা, বিবেক ও **বাকস্বাধীনতা** নাগরিকের মৌলিক অধিকার হিসেবে **স্বীকৃত** ।

প্রশ্ন 56. বিশ্ব স্বাস্থ্য সংস্থা কত সালে বাংলাদেশকে পোলিও মুক্ত ঘোষণা করে?

ক) ১৯৯৮

খ) ২০০৪

গ) ২০১৪

ঘ) ২০১৯

সঠিক উত্তর: গ) ২০১৪

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বাংলাদেশ পোলিওমুক্ত: বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০১৪ সালে বাংলাদেশকে পোলিও মুক্ত ঘোষণা করে ২৭ মার্চ ২০১৪ তারিখে ।

প্রশ্ন 57. বাংলাদেশের পোশাক সর্বাধিক কোন দেশে রপ্তানী করা হয়?

ক) যুক্তরাষ্ট্র

খ) যুক্তরাজ্য

গ) ফ্রান্স

ঘ) জার্মানি

সঠিক উত্তর: ক) যুক্তরাষ্ট্র

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❐ বাংলাদেশের তৈরি পোশাকের প্রধান রপ্তানি গন্তব্য হলো যুক্তরাষ্ট্র।

প্রশ্ন 58. বাংলাদেশের জাতীয় আয়ের (জিডিপি-র) কত শতাংশ কৃষি থেকে আসে?

ক) ১২.৪০%

খ) ১২.৮৯%

গ) ১৩.০২%

ঘ) ১৩.৩৫%

সঠিক উত্তর: ঘ) ১৩.৩৫%

SYNAPSE MEDICAL ACADEMY

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❒ বাংলাদেশ পরিসংখ্যান বুযরোর [BBS]-এর সাম্প্রতিক তথ্য অনুসারে,বত্রমান জিডিপিতে কৃষিখাতের অবদান ১১.৬২ শতাংশ। ☐ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুসারে, কৃষি খাতের

প্রশ্ন 59. বাংলাদেশের সংবিধানের নাম কি?

ক) বাংলাদেশের সংবিধান

খ) বাংলাদেশের সাংবিধানিক বিধিমালা

গ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

ঘ) প্রজাতন্ত্র বাংলাদেশ সংবিধান

সঠিক উত্তর: গ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধানের নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

প্রশ্ন 60. নিচের কোনটি বাংলাদেশের শিল্প সংক্রান্ত অর্থনৈতিক কমর্কান্ড নয়?

ক) মাছ চাষ

খ) বস্ত্র

গ) পাট

ঘ) সিমেন্ট

সঠিক উত্তর: ক) মাছ চাষ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ❒ বাংলাদেশের শিল্প সংক্রান্ত অর্থনৈতিক **কমর্কান্ড** নয় - মাছ ।মাছ চাষ একটি কৃষিভিত্তিক কার্যক্রম।

## আন্তর্জাতিক বিষয়াবলি

SYNAPSE MEDICAL ACADEMY

প্রশ্ন 61. ইসরায়েল ও ইরানের মধ্যে চলমান সংঘাতের কারণ কোনটি?

ক) বাণিজ্যিক

খ) পারমানবিক শক্তি

গ) অর্থনৈতিক

ঘ) কোনটিই নয়

সঠিক উত্তর: খ) পারমানবিক শক্তি

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ইসরায়েল ও ইরানের মধ্যকার প্রধান কারণ ইরানের পারমাণবিক কর্মসূচি। ইসরায়েল দাবি করছে, ইরান পারমাণবিক বোমা তৈরির চেষ্টা করছে এবং এটি তাদের জাতীয় নিরাপত্তার জন্য হুমকি।

প্রশ্ন 62. কোন দেশের গৃহযুদ্ধের কারণে ইউরোপজুড়ে অভিবাসী সংকট সৃষ্টি হয়েছে?

ক) সিরিয়া

খ) লেবানন

গ) আফগানিস্তান

ঘ) ইরাক

সঠিক উত্তর: ক) সিরিয়া

সংক্ষিপ্ত ব্যাখ্যা: সিরিয়ার **গৃহযুদ্ধের** কারণে ইউরোপজুড়ে অভিবাসী সংকট সৃষি্ট হয়। ২০১১ সালে শুরু হওয়া এই সংঘাতের ফলে লক্ষাধিক মানুষ ইউরোপে শরণার্থী হয়ে আশ্রয় নেয়।

প্রশ্ন 63. কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন?

ক) ফ্রান্সিস ড্রেক

খ) ফার্ডিনান্ড ম্যাগেলান

গ) ভাস্কো-ডা-গামা

ঘ) ক্রিস্টোফার কলম্বাস

সঠিক উত্তর: গ) ভাস্কো-ডা-গামা

সংক্ষিপ্ত ব্যাখ্যা: পর্তুগিজ নাবিক ভাস্কো ডা গামা প্রথম ইউরোপীয় হিসেবে সালে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন। তিনি আফ্রিকা ঘুরে কেপ অব গুড হোপ পেরিয়ে কালিকটে পৌছান।

প্রশ্ন 64. কে প্রথম 'গ্লোবাল ভিলেজ' ধারাটির উপস্থাপন করেন?

ক) হাবর্াটর্ মার্শাল ম্যাকলুহান

খ) রবাটর্ কিংসলে

গ) হেনরি জি. ম্যাকমিলান

ঘ) ডব্লিউ জি. পেরি

সঠিক উত্তর: ক) মার্শাল ম্যাকলুহান

সংক্ষিপ্ত ব্যাখ্যা: 'গে্লাবাল ভিলেজ' ধারাটি প্রথম উপস্থাপন করেন কানাডিয়ান গণযোগাযোগ বিশেষজ্ঞ মার্শাল ম্যাকলুহান

প্রশ্ন 65. কমনওয়েলথ কোন ধরনের দেশ নিয়ে গঠিত?

ক) ইংরেজ শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশসমূহ

খ) তেল উৎপাদনকারী দেশসমূহ

গ) এশিয়া ও ইউরোপের দেশসমূহ

ঘ) সবল্প উন্নত দেশসমূহ

সঠিক উত্তর: ক) ইংরেজ শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশসমূহ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: কমনওয়েলথ গঠিত হয়েছে প্রধানত ইংরেজ শাসন থেকে স্বাধীনতাপ্রাপ্ত দেশগুলোর সমন্বয়ে।

প্রশ্ন 66. আন্তর্জাতিক ওজোন দিবস **(International Day for the Prevention of the Ozone Layer)** কত তারিখে পালিত হয়?

ক) ২২ জুলাই

খ) ২৮ জুলাই

গ) ১৭ আগস্ট

ঘ) ১৬ সেপ্টেম্বর

সঠিক উত্তর: ঘ) ১৬ সেপ্টেম্বর

সংক্ষিপ্ত ব্যাখ্যা: আন্তর্জাতিক ওজোন দিবস প্রতি বছর ১৬ সেপে্টমব্র তারিখে পালিত হয়। সালে ফরাসি পদাথর্বিদ চাল্রস ফ্যাবি্র ও হেনরি বাইসন ওজোন

প্রশ্ন 67. কোন রাষ্ট্রের আইনসভা দ্বি-কক্ষ বিশিষ্ট?

ক) যুক্তরাষ্ট্র

খ) ভারত

গ) যুক্তরাজ্য

ঘ) উপরের সবগুলো

সঠিক উত্তর: ঘ) উপরের সবগুলো

সংক্ষিপ্ত ব্যাখ্যা: যুক্তরাষ্ট্র, ভারত ও যুক্তরাজ্য—তিনটি দেশের আইনসভা দ্বি কক্ষবিশিষ্ট।

প্রশ্ন 68. অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লব কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?

ক) ১৯১৭

খ) ১৮৫৭

গ) ১৮৪৯

ঘ) ১৭৫৭

সঠিক উত্তর: ক) ১৯১৭

সংক্ষিপ্ত ব্যাখ্যা: **অক্টোবর সমাজতান্ত্রিক** বিপ্লব (October Socialist Revolution) সংঘটিত হয় ১৯১৭ **খ্রিস্টাব্দে** ।এই বিপ্লবের মাধ্যমে রাশিয়ায় বলশেভিকদের নেতৃত্বে **সমাজতান্ত্রিক** শাসন প্রতিষ্ঠিত হয়।

প্রশ্ন 69. নিচের কোন প্রতিষ্ঠান বাংলাদেশের ২১শে ফেব্রুয়ারির শহিদ দিবসকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করে?

ক) ইউনিসেফ

খ) ইউনেসকো

গ) ইউএন

ঘ) এডিবি

সঠিক উত্তর: খ) ইউনেসকো

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ১৯৯৯ সালে ইউনেসকো সাধারণ অধিবেশনে '২১ ফেব্রুয়ারি'কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়। প্রতি বছর ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়ে আসছে এরপর থেকে।

প্রশ্ন 70. এশীয় দেশসমূহের মধ্যে কোনটি বিশ্বে উন্নত দেশ?

ক) চীন

খ) ভারত

গ) জাপান

ঘ) সিঙ্গাপুর

সঠিক উত্তর: গ) জাপান

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বিশ্বে উন্নত অর্থনীতির দেশগুলোর জোট জি৭ (G7)। জি ৭ গঠনের মূল লক্ষ্য ছিল বিশ্বের সবচেয়ে ধনী ও উন্নত দেশগুলোর মধ্যে অর্থনৈতিক বিষয়ে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়।

প্রশ্ন 71. টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে নিচের কোনটির গুরুতব্ সবচেয়ে বেশী?

ক) সক্ষমতা তৈরি

খ) অংশীদারিত্ব

গ) সমতা বিধান

ঘ) উপরের সবগুলো

সঠিক উত্তর: খ) অংশীদারিত্ব

সংক্ষিপ্ত ব্যাখ্যা: টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে অংশীদারিত্ব সবচেয়ে গুরুতবপূর্ণ।

প্রশ্ন 72. মার্কির্ন যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কি?

ক) পার্লামেন্ট

খ) কংগ্রেস

গ) সিনেট

ঘ) কোনটিই নয়

সঠিক উত্তর: খ) কংগ্রেস

সংক্ষিপ্ত ব্যাখ্যা: মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার নাম হলো কংগ্রেস। এটি দ্বিকক্ষবিশিষ্ট—সিনেট (উচ্চকক্ষ) এবং হাউস অফ রিপ্রেজেন্টেটিভ (নিম্নকক্ষ)।

প্রশ্ন 73. কোনটি উন্নয়ন কাযর্ক্রমে ঋণ সহয়তাদানকারী সংস্থা?

ক) ইউরোপীয় ইউনিয়ন

খ) এশীয় উন্নয়ন ব্যাংক

গ) বিশ্বব্যাংক

ঘ) উপরের সবগুলো

সঠিক উত্তর: ঘ) উপরের সবগুলো

সংক্ষিপ্ত ব্যাখ্যা: আন্তর্জাতিক উন্নয়ন কার্যক্রমে ঋণ সহায়তাদানে এশীয় উন্নয়ন ব্যাংক, বিশ্বব্যাংক এবং ইউরোপীয় ইউনিয়ন—এই তিনটি সংস্থাই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**প্রশ্ন 74. চীনের 'ওয়ান বেল্ট ওয়ান রোড' প্রকল্প কোন দেশসমূহের মধ্যে সংযোগ বৃদ্ধি করবে?**

ক) এশিয়া, ইউরোপ, আমেরিকা

খ) এশিয়া, আফ্রিকা, আরব

গ) এশিয়া, অস্ট্রেলিয়া, আফ্রিকা

ঘ) এশিয়া, ইউরোপ, আফ্রিকা

সঠিক উত্তর: ঘ) এশিয়া, ইউরোপ, আফ্রিকা

সংক্ষিপ্ত ব্যাখ্যা: চীনের 'ওয়ান বেল্ট ওয়ান রোড' (OBOR) বা বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ (BRI) মূলত এশিয়া, ইউরোপ ও আফ্রিকার মধ্যে ব্যাপক সংযোগ স্থাপনের লক্ষ্যে পরিচালিত হচ্ছে।

**প্রশ্ন 75. প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?**

ক) সেভাসর্ চুক্ত

খ) লুজেন (Lausanne) চুক্তি

গ) ভার্সাই চুক্তি

ঘ) প্যারিস চুক্তি

সঠিক উত্তর: গ) **ভার্সাই** চুক্তি

সংক্ষিপ্ত ব্যাখ্যা: প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে " ভার্সাই চুক্তি '(Treaty of Versailles) **স্বাক্ষরিত** হয়। এই চুক্তি ১৯১৯ সালের ২৮ জুন ফ্রান্সের ভার্সাই প্রাসাদে **স্বাক্ষরিত** হয়।

SYNAPSE MEDICAL ACADEMY

**প্রশ্ন 76. জাতিসংঘের কোন সংস্থা বাংলাদেশ ও মায়ানমারের মধ্যকার রোহিঙ্গা বিষয়ে মধ্যস্থতা করছে?**

ক) ইউএনডিপি

খ) ইউনিসেফ

গ) ইউএনএইচসিআর

ঘ) ইউনেস্কো

সঠিক উত্তর: গ) ইউএনএইচসিআর

সংক্ষিপ্ত ব্যাখ্যা: জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর (UNHCR) বাংলাদেশ ও মায়ানমারের মধ্যকার রোহিঙ্গা সংকটে প্রধান মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে যাচ্ছে। এই সংস্থাটি ২০১৭ সালের

**প্রশ্ন 77. বর্তমান বিশ্বের কতটি দেশ জাতিসংঘের সদস্য?**

ক) ১৮৩

খ) ১৮৮

গ) ১৯৩

ঘ) ১৯৭

সঠিক উত্তর: গ) ১৯৩

সংক্ষিপ্ত ব্যাখ্যা: বর্তমান বিশ্বের ১৯৩টি দেশ জাতিসংঘের সদস্য। সবশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান, এটি ২০১১ সালে জাতিসংঘে যোগ দেয়। সালের ২৪ অক্টোবর জাতিসংঘ সনদ কার্যকরের মাধ্যমে

**প্রশ্ন 78. জাতিসংঘ কবে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে?**

ক) ২৪ অক্টোবর, ১৯৪৫

খ) ২৮ নভেমব্র, ১৯৪৩

গ) ২৮ জানুয়ারি, ১৯৪৩

ঘ) ২৪ ডিসেমব্র, ১৯৪৫

সঠিক উত্তর: ক) ২৪ অক্টোবর, ১৯৪৫

সংক্ষিপ্ত ব্যাখ্যা: জাতিসংঘ ২৪ অক্টোবর ১৯৪৫ সালে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে। এই তারিখে জাতিসংঘের সনদ কার্যকর হওয়ার পর থেকে প্রতি বছর ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস হিসেবে পালিত হয়,

**প্রশ্ন 79. 'সাফটা' (SAFTA) চুক্তি কত সালে সম্পাদিত হয়?**

ক) ১৯৯৮

খ) ২০০২

গ) ২০০৪

ঘ) ২০০৯

সঠিক উত্তর: গ) ২০০৪

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দক্ষিণ এশীয় মুক্ত বাণিজ্য চুক্তি (SAFTA) ২০০৪ সালের ৬ জানুয়ারি ইসলামাবাদে ১২তম সাক্র শীর্ষ সম্মেলনে সব্াক্ষরিত হয় এবং ২০০৬ সালে কার্যকর হয়।

**প্রশ্ন 80. কোন ঘটনার কারণে ধরিত্রী দিবসের সূচনা হয়?**

ক) ব্যাপক বায়ু দূষণ

খ) জলবায়ু পরিবতর্ন

গ) ব্যাপক তেল নিঃসরণ

ঘ) পারমানবিক বিস্ফোরণ

SYNAPSE MEDICAL ACADEMY

সঠিক উত্তর: গ) ব্যাপক তেল নিঃসরণ

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ধরিত্রী দিবস বা Earth Day-এর সূচনা হয় ১৯৬৯ সালে ক্যালিফোনি্রয়ার সান্তা বারবারা উপকূলে সংঘটিত একটি ভয়াবহ তেল নিঃসরণের ঘটনা থেকে।

## গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা

**প্রশ্ন 81. কোনটি অশুদ্ধ বানান?**

ক) Pneumonia

খ) Dyspepsia


গ) Gastitris

ঘ) Diarrhoea

সঠিক উত্তর: গ) **Gastitris**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: অশুদ্ধ বানান হলো: গ) Gastitris. এর সঠিক বানান - Gastritis. English meaning: an illness in which the stomach walls

**প্রশ্ন 82. নিচের চিত্রে BC এর মান কত?**




ক) 9 মিটার

খ) 6 মিটার

গ) 4 মিটার

ঘ) 3 মিটার

সঠিক উত্তর: ক) 9 মিটার

সংক্ষিপ্ত ব্যাখ্যা: ভারসাম্য রক্ষা করতে হলে উভয় পাশে ভর ও দৈর্ঘ্যের গুণফল সমান হতে হবে।

**প্রশ্ন 83. $A(1, -1)$, $B(2, 2)$ এবং $C(4, t)$ বিন্দুত্রয় সমরেখ হলে $t$ এর মান কত?**

ক) 8


খ) 6

গ) 4

ঘ) 7

সঠিক উত্তর: ক) 8

**প্রশ্ন 84. নিচের চিত্রে মোট কয়টি ত্রিভুজ আছে?**



SYNAPSE MEDICAL ACADEMY

ক) ৪টি

খ) ৫টি

গ) ৬টি

ঘ) ৭টি

সঠিক উত্তর: খ) ৫টি

**প্রশ্ন 85. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ৩ মিটার, ৪ মিটার ও ৫ মিটার হলে, এতে কত লিটার বিশুদ্ধ পানি ধরবে?**

ক) ৬০০০০০

খ) ৬০০০০

গ) ৬০০০

ঘ) ৬০০

সঠিক উত্তর: খ) ৬০০০০

সংক্ষিপ্ত ব্যাখ্যা: **চৌবাচ্চার আয়তন** = **দৈর্ঘ্য** × **প্রস্থ** × **উচ্চতা ঘন একক**

সুতরাং,
চৌবাচ্চার আয়তন
= ৫ × ৪ × ৩
= ৬০ ঘনমিটার

আবার,

**১ ঘনমিটার** = **১০০০ লিটার**

অতএব,

চৌবাচ্চাটিতে বিশুদ্ধ পানি ধরবে

= ৬০ × ১০০০

= **৬০,০০০ লিটার**

**প্রশ্ন 86. log2 + log4 + log8 + .......... ধারাটির অষ্টম পদ কোনটি?**

ক) log256

খ) log128

গ) log64

ঘ) log32

সঠিক উত্তর: ক) **log256**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: **সমান্তর ধারার n-তম পদ** = **a** + (**n** – 1)**d**

এখানে,

প্রথম পদ, **a** = 1

সাধারণ অন্তর, **d** = 2 – 1 = 1

সুতরাং,

সমান্তর ধারার ৮ম পদ

= **a** + (8 – 1)**d**

= 1 + (8 – 1) × 1

= 1 + 7

= 8

অতএব, ধারাটির অষ্টম পদ হবে—

= 8 **log** 2

= **log** $2^8$

= **log** 256

**প্রশ্ন 87. যদি U = {1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10}, P = {1, 2, 5} এবং Q = {6, 7} হয় তবে P ∩ Q‘ এর মান কত?**

ক) P

খ) Q

গ) Q‘

ঘ) P‘

সঠিক উত্তর: ক) **P**

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দেওয়া আছে, U = {1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10} P = {1, 2, 5} এবং Q = {6, 7}

Q‘ = U - Q = {1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10} - {6, 7} = {1, 2, 3, 4, 5, 8, 9, 10}

∴ P ∩ Q‘ = {1, 2, 5} ∩ {1, 2, 3, 4, 5, 8, 9, 10} = {1, 2, 5} = P

P ∩ Q‘ = P

**প্রশ্ন 88. ২ ঘন্টা ৪০ মিনিট ৬ ঘন্টার কত অংশ?**

ক) ১/৬

খ) ১/৫

গ) ৪/৯

ঘ) ১/৪

সঠিক উত্তর: গ) ৪/৯

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দেওয়া আছে,

**২ ঘণ্টা ৪০ মিনিট**
= (২ × ৬০) + ৪০ মিনিট
= ১২০ + ৪০ মিনিট
= **১৬০ মিনিট**

এবং,

**৬ ঘণ্টা**
= ৬ × ৬০ মিনিট
= **৩৬০ মিনিট**

সুতরাং,
২ ঘণ্টা ৪০ মিনিট হলো ৬ ঘণ্টার—

= ১৬০/৩৬০ অংশ
= ১৬/৩৬
= **৪/৯ অংশ**

SYNAPSE MEDICAL ACADEMY

প্রশ্ন 89.

$\frac{1}{x-1} + \frac{2}{x-2} = \frac{3}{x-3}$ এর সমাধান –

ক) 3/2

খ) 2/3

গ) 5/2

ঘ) 2/5

সঠিক উত্তর: ক) 3/2

প্রশ্ন 90. যদি **log10x** = - 3 হয়, তবে **x** এর মান কত?

ক) 0.1

খ) 0.01

গ) 0.001

ঘ) 0.0001

সঠিক উত্তর: গ) 0.001

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দেওয়া আছে, log10x = - 3 ⇒ x = 10- 3

আমরা জানি,

**$\log_a x = n$ হলে, $x = a^n$**

সুতরাং,

$\log_{10} x = -3$
$\Rightarrow x = 10^{-3}$

⇒ $x = 1/10^3$

⇒ $x = 1/1000$

⇒ $\mathbf{x = 0.001}$

**প্রশ্ন 91. যদি P = 16 এবং TAP = 37 হয় তবে CUP-কত?**

ক) 40

খ) 38

গ) 36

ঘ) 39

সঠিক উত্তর: ক) 40

**প্রশ্ন 92. নিচের কোনটি যেকোনো সেটের উপসেট?**

ক) Ø

খ) (Ø)

গ) {Ø}

ঘ) {0}

সঠিক উত্তর: ক) Ø

সংক্ষিপ্ত ব্যাখ্যা: কোনো সেট থেকে যতগুলো সেট গঠন করা যায়, এদের প্রত্যেকটি সেটকে ঐ সেটের উপসেট বলা হয়। প্রত্যেকটি সেট নিজের উপসেট।

**প্রশ্ন 93. x + 1/x = 2 হলে x4 + 1/x4 এর মান কত?**

ক) 1

খ) 0

গ) 2

ঘ) 1/2

সঠিক উত্তর: গ) 2

সংক্ষিপ্ত ব্যাখ্যা ঃ

আমরা জানি,

$\mathbf{(a + b)^2 = a^2 + 2ab + b^2}$

সুতরাং,

$x^2 + 2 \times x \times 1/x + 1/x^2 = 4$

⇒ $x^2 + 2 + 1/x^2 = 4$

⇒ $x^2 + 1/x^2 = 4 - 2$

⇒ $\mathbf{x^2 + 1/x^2 = 2}$

আবার উভয় পাশে বর্গ করে পাই,

$\mathbf{(x^2 + 1/x^2)^2 = 2^2}$

⇒ $(x^2)^2 + 2 \times x^2 \times 1/x^2 + (1/x^2)^2 = 4$

⇒ $x^4 + 2 + 1/x^4 = 4$

⇒ $x^4 + 1/x^4 = 4 - 2$

**⇒ $x^4 + 1/x^4 = 2$**

**প্রশ্ন 94. একটি গাছের পাদদেশ হতে 26√3 মিটার দূরে একটি স্থানে গাছটির শীর্ষের উন্নতি কোণ 30° হলে, গাছটির উচ্চতা কত মিটার?**

ক) √3/26

খ) 26/√3

গ) 26

ঘ) 78

সঠিক উত্তর: গ) 26

**প্রশ্ন 95. √(9/4) সংখ্যাটি-**

ক) স্বাভাবিক সংখ্যা

খ) মূলদ সংখ্যা

গ) অমূলদ সংখ্যা

ঘ) জটিল সংখ্যা

সঠিক উত্তর: খ) মূলদ সংখ্যা

সংক্ষিপ্ত ব্যাখ্যা: , 2, 3, ... ইত্যাদি যে সকল সংখ্যাকে দুইটি অখণ্ড সংখ্যা p ও q এর অনুপাত p/q রূপে প্রকাশ করা যায় সেগুলোকে মূলদ সংখ্যা বলা হয়।

**প্রশ্ন 96. ।3x - 4। ≤ 2 এর সমাধান-**

ক) (2/3) ≤ x ≤ 2

খ) (2/3) ≤ x < 2

গ) (2/3) < x ≤ 2

ঘ) (2/3) < x < 2

সঠিক উত্তর: ক) (2/3) ≤ x ≤ 2

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দেওয়া আছে,

$|3x - 4| \leq 2$

বা, $-2 \leq 3x - 4 \leq 2$

বা, $-2 + 4 \leq 3x \leq 2 + 4$

বা, $2 \leq 3x \leq 6$

বা, $2/3 \leq x \leq 2$

**প্রশ্ন 97. ১, ৪, ৯, ১৬, ২৫,.............অনুক্রমটির পরবর্তী সংখ্যাটি কত?**

ক) ৬৬

খ) ৪৯

গ) ৩৬

ঘ) ৩৪

সঠিক উত্তর: গ) ৩৬

সংক্ষিপ্ত ব্যাখ্যা: প্রদত্ত অনুক্রম- ১, ৪, ৯, ১৬, ২৫,....... , এই অনুক্রমটি হলো স্বাভাবিক সংখ্যার বর্গের অনুক্রম।

**প্রশ্ন 98. x - 2y - 10= 0 এবং 2x + y - 3 = 0 রেখাদ্বয়ের ঢালদ্বয়ের গুণফল কত?**

ক) – 2

খ) 2



SYNAPSE MEDICAL ACADEMY

গ) – 3

ঘ) - 1

সঠিক উত্তর: ঘ) - 1

সংক্ষিপ্ত আমরা জানি,
সরল রেখার সাধারণ সমীকরণ, $y = mx + c$
[যেখানে, $m$ = **ঢাল**]

প্রথম রেখা,
$x - 2y - 10 = 0$

বা, $2y = x - 10$
বা, $y = (1/2)x - 5$

∴ প্রথম রেখার ঢাল, $m_1 = 1/2$

আবার, দ্বিতীয় রেখা,
$2x + y - 3 = 0$

বা, $y = -2x + 3$

∴ দ্বিতীয় রেখার ঢাল, $m_2 = -2$

∴ ঢালদ্বয়ের গুণফল,
$m_1 \times m_2 = (1/2) \times (-2) = -1$

**প্রশ্ন 99. যদি $x : y = 4 : 3$, $y : z = 5 : 4$ এবং $x = 200$ হয়, তবে z এর মান কত?**

ক) 100/3

খ) 800/3

গ) 150

ঘ) 120

সঠিক উত্তর: ঘ) 120

সংক্ষিপ্ত ব্যাখ্যা: দেওয়া আছে,

**$x : y = 4 : 3$, $y : z = 5 : 4$ এবং $x = 200$**

যেহেতু,
$x : y = 4 : 3$

$\Rightarrow x/y = 4/3$

$\Rightarrow 200/y = 4/3$

$\Rightarrow 4y = 200 \times 3$

$\Rightarrow 4y = 600$

$\Rightarrow y = 600/4$

**$\therefore y = 150$**

আবার,
$y : z = 5 : 4$

$\Rightarrow y/z = 5/4$

$\Rightarrow 150/z = 5/4$

$\Rightarrow 5z = 150 \times 4$

$\Rightarrow 5z = 600$

⇒ $z = 600/5$

∴ $z = 120$

**প্রশ্ন 100. k এর মান কত হলে kx2 + 3x + 4 রাশিটি পূর্ণবগর্ হবে?**

ক) - 16/9

খ) - 9/16

গ) 9/16

ঘ) 16/9

সঠিক উত্তর: গ) 9/16

পূর্ণবর্গ হওয়ার শর্ত:
দ্বিঘাত রাশি $ax^2 + bx + c$ পূর্ণবর্গ হবে যদি,

$b^2 - 4ac = 0$

এখন,
$kx^2 + 3x + 4$ এর সাথে $ax^2 + bx + c$ তুলনা করে পাই,

$a = k, b = 3, c = 4$

∴ $b^2 - 4ac = 0$

বা, $3^2 - 4 \times k \times 4 = 0$

বা, $9 - 16k = 0$

বা, $16k = 9$

∴ $k = 9/16$

SYNAPSE MEDICAL ACADEMY